

রোববার

২৫শে জানুয়ারি ২০২৬

মানবজমিন



নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) ২৩শে জানুয়ারি ব্যাপক উৎসাহ-উদ্দীপনা আর নানা আনুষ্ঠানিকতার মধ্যদিয়ে সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব সরস্বতী পূজা উদযাপিত হয়েছে। সুর ও বিদ্যা দেবীর চরণে পুষ্পার্ঘ্য অর্পণের মধ্যদিয়ে পূজার সূচনা হয়। এরপর মঙ্গল প্রদীপ প্রজ্জ্বলন, সাংস্কৃতিক অনুষ্ঠান, প্রসাদ বিতরণ ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। পূজা উদযাপন অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক আবদু লহান্নান চৌধুরী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অন্তর্বর্তী সরকারের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা ফরিদা আখতার। এ ছাড়া আরও উপস্থিত ছিলেন এনএসইউ'র উপ-উপাচার্য ড. নেহার উদ্দিন আহমেদ, এনএসইউ'র কোষাধ্যক্ষ অধ্যাপক আবদুর রব খান, এবং স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্সের ডিন অধ্যাপক দীপক কুমার মিত্র। বিজ্ঞপ্তি